

৪ দিনব্যাপী বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট শুরু কাল

- A Monitor Desk Report

Date: 06 April, 2025



ঢাকাঃ চার দিনব্যাপী ‘বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট ২০২৫’ শুরু হচ্ছে আগামীকাল সোমবার (৭ এপ্রিল)। এর মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানি, ডিজিটাল অর্থনীতি, টেক্সটাইল ও পোশাক খাত, স্বাস্থ্যসেবা ও ওষুধ শিল্প এবং কৃষি প্রক্রিয়াকরণ খাতে বিদেশী বিনিয়োগ আকর্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা হবে।

এ সম্মেলনে বেশকিছু বিনিয়োগের ঘোষণা আসতে পারে বলে জানিয়েছেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন।

এদিকে সম্প্রতি বাংলাদেশসহ ৬০টিরও বেশি দেশ থেকে পণ্য অমদানিতে যুক্তরাষ্ট্র পাল্টা শুল্ক আরোপ করেছে। এর জেরে দেশের শীর্ষ ব্যবসায়ী নেতারা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষকে (বিডা) বিদেশী বিনিয়োগকারীদের আশ্বস্ত করতে শক্তিশালী ও ইতিবাচক বার্তা পাঠানোর আহ্বান জানিয়েছেন। বিভার সঙ্গে এক বৈঠকে তারা এ আহ্বান জানান।

বিশেষ করে আসন্ন বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিটের আগে বিশ্ববাজারে বাংলাদেশের প্রতিযোগিতামূলক অবস্থান বজায় রাখতে বৃহত্তর কৌশলের অংশ হিসেবে এ আহ্বান জানানো হয়। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের শুল্ক আরোপের সম্ভাব্য পরিণতির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সরকারের প্রতিও আহ্বান জানিয়েছেন ব্যবসায়ী নেতারা।

এবারের ইনভেস্টমেন্ট সামিটের মূল লক্ষ্য হচ্ছে বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরা, জুলাই বিপ্লব-পরবর্তী অর্থনৈতিক সংস্কার প্রদর্শন এবং দীর্ঘমেয়াদি বিনিয়োগ সংযোগ তৈরি করা। রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) যৌথভাবে এ সামিটের আয়োজন করেছে।

মূল অনুষ্ঠান হবে ৯ এপ্রিল, ওইদিন সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস। অনুষ্ঠানে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, নীতিনির্ধারক এবং শীর্ষ ব্যবসায়ীরা উপস্থিত থাকবেন। এদিন তরুণ উদ্যোক্তা এক্সপো এবং ইউরোপীয় ইউনিয়ন ও ইউএনডিপি

আয়োজিত নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে ব্রেকআউট সেশন অনুষ্ঠিত হবে। এছাড়া বাংলাদেশের ঐতিহ্য তুলে ধরতে সংস্কৃতি মন্ত্রণালয়ের সহযোগিতায় একটি বিশেষ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে।

বিভা জানিয়েছে, বাংলাদেশের আড়াই হাজার বিনিয়োগকারীর পাশাপাশি ৫০টি দেশের ৫৫০ জন বিনিয়োগকারী সম্মেলন যোগ দিতে নিবন্ধন করেছেন।

এবারের সম্মেলনে বিশ্বের শীর্ষ কয়েকজন ব্যবসায়ী অংশ নেবেন; তাদের মধ্যে রয়েছেন জারা গুপের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) গার্সিয়া ম্যাসেয়েরাস, সুলতান পোর্টের সিইও, দুবাইয়ের অর্থনৈতিক বিভাগের চেয়ারম্যান, স্যামসাংয়ের ভাইস প্রেসিডেন্ট, গো ব্র্যান্ডের সিইও, মেটা ও উবারের প্রতিনিধি, পাকিস্তানের দাউদ গুপের নির্বাহীরা এবং নবউদ্যোগে বিনিয়োগকারী সংস্থা বি ক্যাপিটাল ও মারুবেনির মতো ভেঞ্চার ক্যাপিটাল ফার্ম।

বিভার নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেন, ‘আমি বিনিয়োগের কোনো পরিমাণ উল্লেখ করতে চাই না। কারণ সামিটের মূল উদ্দেশ্য কিন্তু হঠাৎ অনেকগুলো বিনিয়োগের ঘোষণা দেয়া নয়। বেশকিছু বিনিয়োগের ঘোষণা হয়তো আপনারা সামিটে পাবেন। কিন্তু আমি যেটা প্রথমেই বলেছি, আমাদের সামিটের মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের নেতিবাচক ধারণাকে (নেগেটিভ ন্যারেটিভ) সত্যিকার ধারণায় নিয়ে যাওয়া। সেটা ইতিবাচক হতে পারে, নেতিবাচক হতে পারে, মিশ্র হতে পারে। কিন্তু যেটা আছে সেই সত্যটাকে তাদের (বিনিয়োগকারী) সামনে তুলে ধরা।’

এবারের সম্মেলনের অন্যতম সংযোজন হচ্ছে জ্বালানিবিষয়ক আলোচনা। নবায়নযোগ্য জ্বালানি, ডিজিটাল ইকোনমি ও স্বাস্থ্য খাত নিয়েও আলোচনা অনুষ্ঠিত হবে। মূল অংশীজনদের সঙ্গে বিদেশী বিনিয়োগকারীদের সরাসরি আলোচনার জন্য ৯-১০ এপ্রিল অনুষ্ঠিত হবে একটি ম্যাচমেকিং ইভেন্ট। এছাড়া ইন্টারকন্টিনেন্টাল হোটেলের দ্বিতীয় তলায় জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), বাংলাদেশ ব্যাংক ও রাজনৈতিক দলগুলোর জন্য কক্ষ বরাদ্দ থাকবে, যাতে এসব বুথে বিদেশী বিনিয়োগকারীরা তাদের সঙ্গে ব্যবসায়িক নীতি ও প্রণোদনার বিষয়ে আলোচনার সুযোগ পান।

সামিটে বিশ্বের শীর্ষস্থানীয় করপোরেট ব্যক্তিত্বরা অংশ নেবেন, যাদের মধ্যে রয়েছেন জারা গুপের সিইও অস্কার গার্সিয়া মেসেইরাস, ডিপি ওয়ার্ল্ডের চেয়ারম্যান সুলতান আহমেদ বিন সুলাইয়েম, ব্রিটিশ ব্যারোনেস রোজি উইন্টারটন, স্যামসাং সি অ্যান্ড টির ভাইস প্রেসিডেন্ট কিয়ংসু লি, গিওর্দানোর সিইও জুনসিওক হান, এক্সেলারেট এনার্জির প্রেসিডেন্ট স্টিভেন কোবোস, এশিয়া-প্যাসিফিক অঞ্চলের উবারের পাবলিক পলিসি প্রধান মাইক অর্গিল এবং মেটার পাবলিক পলিসি ডিরেক্টর সারিম আজিজ।

সামিটের অংশ হিসেবে ৭ এপ্রিল দক্ষিণ কোরিয়ার ২৬ সদস্যের একটি প্রতিনিধি দলসহ বিভিন্ন দেশের বিনিয়োগকারীরা চট্টগ্রাম, মিরসরাই ও কোরিয়ান ইপিজেড পরিদর্শন করবেন। একই দিনে হোটেল ইন্টারকন্টিনেন্টালে স্টার্টআপ সংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হবে। ৮ এপ্রিল বিনিয়োগকারীরা নারায়ণগঞ্জের আড়াইহাজারে অবস্থিত বাংলাদেশ বিশেষ অর্থনৈতিক অঞ্চল (বিএসইজেড) পরিদর্শন করবেন। দিন শেষে একটি বিশেষ নেটওয়ার্কিং অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

১০ এপ্রিল সামিটে বিভিন্ন ব্রেকআউট সেশন অনুষ্ঠিত হবে, যার মধ্যে ডিজিটাল অর্থনীতি (সিটি এনএ ও ইউএনডিপি), টেক্সটাইল (এইচএসবিসি ও বিজিএমইএ), কৃষি ও কৃষি-প্রক্রিয়াকরণ (ডাচ দূতাবাস ও এলসিপি) এবং স্বাস্থ্যসেবার (ইসপিরা, ইবিএল ও সাজিদা ফাউন্ডেশন) ওপর আলোচনা হবে। এছাড়া ম্যাচমেকিং সেশন ও সেরা বিনিয়োগ চর্চা নিয়ে গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হবে।

-B